

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgijute.gov.bd

নং-২৪.০১.০০০০.০০১.১৮.০৪৯(অংশ-৪).৯৩-৬৯৫


তারিখ : ০৪/১০/২০১৮-খ্রিঃ।

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অনেকেই উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করেন। অনেক সময় নিয়মিত অফিসে উপস্থিত থাকেন না। টেলিফোনে ফোন করেও পাওয়া যায় না এবং কর্মস্থল ত্যাগ করে। কর্তৃপক্ষের বিনানুমতিতে অনেকেই প্রধান কার্যালয়/ঢাকায় ঘোরাঘুরি করেন যা কোন ক্রমেই সমীচিন নয়। একজন সরকারী কর্মচারীর এ ধরনের আচরণ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার পরিপন্থী এবং অসদাচরণের শামিল।

২। এখন থেকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত মাঠ পর্যায়ের সকল অফিসের দাপ্তরিক টেলিফোন (ল্যান্ডফোন/টি এন্ড টি) সার্বক্ষণিক সচল রাখার জন্য নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য যে, ল্যান্ড ফোন বিকল ইত্যাদি অযুহাত কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। যদি কোন দপ্তরে ল্যান্ড ফোন না থাকে বা বিকল থাকে সেক্ষেত্রে আগামী ১৫(পনের) দিনের মধ্যে সংযোগ বা মেরামত করে সচল রাখার জন্য নির্দেশ দেয়া হলো। অনুমোদিত ও নির্ধারিত ভ্রমণসূচির বাইরে কর্মস্থল ত্যাগ না করার জন্য বলা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আছাদুজ্জামান)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ৯৫৫১১১৮।

বিতরণঃ

- ০১। সহকারী পরিচালক (সকল) পাট অধিদপ্তর।
০২। পাট উন্নয়ন কর্মকর্তা (সকল) পাট অধিদপ্তর।
০৩। মুখ্য পরিদর্শক (সকল) পাট অধিদপ্তর।
০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর(সংযুক্ত), পাট অধিদপ্তর।
০৫। পরিদর্শক/পাট উন্নয়ন সহকারী (সকল) পাট অধিদপ্তর।

অনুলিপিঃ

- ০১। পরিচালক (প্রঃ ও অর্থ/পাট), পাট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-পরিচালক (পাট/পরীক্ষণ) পাট অধিদপ্তর, ঢাকা।
০৩। প্রশাসনিক কর্মকর্তা/ডাটাএন্ট্রি সুপারভাইজার/উপ-সহকারি প্রকৌশলী(বিদ্যুৎ/যান্ত্রিক)/সমন্বয় কর্মকর্তা (১/২)/ মনিটরিং এন্ড ইভালুয়েশন অফিসার (১/২), পাট অধিদপ্তর, ঢাকা (ডাটাএন্ট্রি সুপারভাইজার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ)।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস কপি।